গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২
www.dgme.gov.bd

স্মারক নং-৫৯.১৪.০০০০.১০৩.৩৪(ম্যাটস-আইএইচটি-ভর্তি পরীক্ষা) ০০১.২৩/৮৯২ তারিখঃ ১৭.০৮.২০২৩ খ্রি.

**ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজী (আইএইচটি) ও মেডিকেল এ্যাসিসটেন্ট ট্রেনিং স্কুল(ম্যাটস)সমূহে শিক্ষার্থী ভর্তি বিজ্ঞপ্তি**
(সকল সরকারী ও বেসরকারী আইএইচটি এবং ম্যাটস এর জন্য প্রযোজ্য)

০১. ২০২৩ - ২০২৪ খ্রি. শিক্ষাবর্ষে ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজীসমূহে ৪ (চার) বছর মেয়াদী ডিপ্লোমা ইন মেডিকেল টেকনোলজী কোর্সের বিভিন্ন অনুষদে এবং মেডিকেল এ্যাসিসটেন্ট ট্রেনিং স্কুলসমূহে ডিপ্লোমা ইন মেডিকেল এ্যাসিসটেন্ট ট্রেনিং কোর্সে শিক্ষার্থী ভর্তির জন্য টেলিটক বাংলাদেশ লিমিটেড এর মাধ্যমে অনলাইনে (http://dgme.teletalk.com.bd) ভর্তিচ্ছুক শিক্ষার্থীগণ হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে ঃ

০২. ***অনলাইন আবেদন শুরুর তারিখ*** ***২১/০৮/২০২৩ খ্রি. দুপুর ১২ টা***
০৩. ***অনলাইন আবেদন গ্রহণের শেষ তারিখ*** ***০৯/০৯/২০২৩ খ্রি. রাত ১১-৫৯ মি.***
০৪. **ভর্তি পরীক্ষার ফি জমা দেওয়ার শেষ তারিখ** ***১০/০৯/২০২৩ খ্রি. রাত ১১-৫৯ মি.***
০৫. **ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড** **১৭/০৯/২০২৩ খ্রি. হতে ১৯/০৯/২০২৩ খ্রি. পর্যন্ত**
০৬. **হাজিরা শীট ডাউনলোড** **১৯/০৯/২০২৩ খ্রি. হতে ২০/০৯/২০২৩ খ্রি. পর্যন্ত**
০৭. **ভর্তি পরীক্ষার তারিখ** **২২/০৯/২০২৩ খ্রি. (সকাল ১০ টা হতে ১১ টা পর্যন্ত)**

০৮. ভর্তির যোগ্যতাঃ প্রার্থীকে ২০১৯ খ্রি. থেকে ২০২৩ খ্রি. পর্যন্ত সময়সীমার মধ্যে এসএসসি/সমমান পরীক্ষায় বিজ্ঞান বিভাগে জীববিজ্ঞান সহ উত্তীর্ণ হতে হবে এবং ন্যূণতম জিপিএ ২.৫ প্রাপ্ত হতে হবে।

০৯. যে সকল প্রার্থী O-Level বা বিদেশ থেকে পাশ করেছেন তাদের ২০০০/- টাকার পে-অর্ডার জমা প্রদান করে পরিচালক (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর থেকে (নম্বর সমতাকরণ সনদ) ও আইডি কোড (ID Code) সংগ্রহ করতে হবে যা ছাড়া অনলাইনে ফরম পূরন করা যাবে না। এছাড়া বিভাগীয় (Departmental) প্রার্থীরা পূর্বেই পরিচালক (চিকিৎসা শিক্ষা) স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর কাছ থেকে আইডি কোড (ID Code) সংগ্রহ করবেন।

১০. ভর্তি পরীক্ষার ফি ৭০০/- টাকা। (প্রি-পেইড টেলিটকের মাধ্যমে প্রদান করতে হবে)।

ছক-০১ পরীক্ষার কেন্দ্র (যে কোনো একটি) :

| IHT | Code | MATS | Code |
|---|---|---|---|
| Dhaka IHT | 81 | Bagerhat | 91 |
| Rajshahi IHT | 82 | Kushtia | 92 |
| Bogura IHT | 83 | Noakhali | 93 |
| Chattogram IHT | 84 | Sirajgong | 94 |
| Barishal IHT | 85 | Tangail | 95 |
| Rangpur IHT | 86 | Cumilla | 96 |
| Jhenaidah IHT | 87 | Faridpur | 97 |
| Sylhet IHT | 88 | | |

DAILY NOTICE PUBLISH
Online Job Portal

১১. ভর্তি পরীক্ষার শর্তাবলী, সংক্রান্ত তথ্যাদি, অনলাইন ফরম পূরণের নিয়মাবলী ও ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ওয়েবসাইট www.mefwd.gov.bd স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইট www.dgme.gov.bd স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েবসাইট www.dghs.gov.bd ও টেলিটকের ওয়েবসাইট http://dgme.teletalk.com.bd হতে জানা যাবে। অনলাইনে আবেদন পূরণ করার সময় নির্দেশনাবলি www.dgme.gov.bd ও www.dghs.gov.bd ভালোভাবে পড়ে, বুঝে, নির্দেশনা অনুযায়ী প্রার্থীকে সতর্কতার সাথে পূরণ করতে হবে।

১২. অনলাইন আবেদনপত্র পূরণের নিয়মাবলি:

অনলাইনে আবেদনপত্র জমা দেওয়ার পূর্বে নির্দেশাবলি ভালভাবে পড়ে, বুঝে নির্দেশনা অনুযায়ী সতর্কতার সাথে দাখিল করতে হবে। Website এ আবেদনপত্র পূরণের পূর্বে নিম্নেবর্ণিত তথ্য ও অন্যান্য উপকরণ সাথে রাখতে হবে। অনলাইনে আবেদনপত্র পূরণ করার জন্য টেলিটক প্রি-পেইড নাম্বর থেকে ৭০০/- (সাতশত) টাকা পরীক্ষার ফি অবশ্যই জমা দিতে হবে। ফি জমা দেয়ার পর দাখিলকৃত আবেদনপত্রের কোনো পরিবর্তন করা যাবে না এবং আবেদনপত্র চূড়ান্তভাবে গৃহীত হবে।

**প্রথম আবেদনের ফি জমা দেয়ার পর দাখিলকৃত আবেদনপত্রের কোনো সংশোধন করা প্রয়োজন হলে পুনরায় আবেদন করে পুনরায় ফি জমা দেয়া সাপেক্ষে আবেদন করা যাবে। তবে এক্ষেত্রে সর্বশেষ আবেদনপত্র চূড়ান্ত বলে বিবেচিত হবে।**

ছক-০২: IHT Subjects ( কোড সমূহ)

| IHT | Subjects | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | Laboratory | Radiography | Physiotherapy | Dentistry | Pharmacy | Radiotherapy | OTA | ICA |
| Dhaka | 111 | 112 | 113 | 114 | 115 | 116 | 117 | 118 |
| Rajshahi | 121 | 122 | 123 | 124 | 125 | 126 | - | - |
| Bogura | 131 | 132 | 133 | 134 | 135 | 136 | - | - |
| Chattogram | 141 | 142 | 143 | 144 | 145 | 146 | - | - |
| Barishal | 151 | 152 | 153 | 154 | 155 | 156 | - | - |
| Rangpur | 161 | 162 | 163 | 164 | 165 | 166 | - | - |
| Jhenaidah | 171 | 172 | 173 | 174 | 175 | 176 | - | - |
| Sylhet | 181 | 182 | 183 | 184 | 185 | - | - | |
| Sirajgonj | 191 | - | - | - | 195 | - | - | - |
| Satkhira | 201 | 202 | - | - | - | - | - | - |
| Jamalpur | 211 | 212 | - | 214 | 215 | - | - | - |
| Tungipara, Gopalgonj | 221 | - | - | - | 225 | - | - | - |
| Gazipur | 231 | - | - | - | 235 | - | - | - |
| Kashiani Gopalgonj | 241 | | | | 245 | | | |
| Joypurhat | 251 | | | | 255 | | | |
| Madaripur | 261 | 262 | | | 265 | | | |
| Manikganj | 271 | 272 | | | | | | |
| Munshiganj | 281 | 282 | | | | | | |
| Noakhali | 291 | 292 | | | | | | |
| Naogaon | 301 | 302 | | | | | | |
| Kurigram | 311 | 312 | | | | | | |
| Mymensingh | 321 | 322 | | | | | | |
| Shibchor, Madaripur | 331 | 332 | | | | | | |

Example: 124: IHT- Rajshahi: Dentistry , 172: IHT-Jhenaidah: Radiography etc.

ছক-০৩: MATS (কোড সমূহ):

| Bagerhat | Kushtia | Noakhali | Sirajganj | Tangail | Cumilla | Faridpur | Jhenaidah | Satkhira | Tungipara | Naogaon |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 511 | 512 | 513 | 514 | 515 | 516 | 517 | 518 | 519 | 520 | 521 |

| Manikganj | Gazipur | Rajbari | Madaripur | Kazipur, Sirajganj |
|---|---|---|---|---|
| 522 | 523 | 524 | 525 | 526 |

১৩.

(ক) 300×300 pixel মাপের নিজের একটি রঙ্গিন ছবি (jpg) আপলোড দিতে হবে। ফাইলের সাইজ 100 KB এর বেশী হবে না। (স্ক্যান করা অথবা ডিজিটাল ক্যামেরায় তোলা)

(খ) 300×80 pixel মাপের স্ক্যান করা নিজের একটি স্বাক্ষর (jpg) আপলোড দিতে হবে; (কাগজে গাঢ় করে স্বাক্ষর করে তারপর স্ক্যান করতে হবে)। ফাইলের সাইজ 60 KB এর বেশী হবে না। ছবি ও স্বাক্ষর প্রয়োজনীয় মাপে তৈরি করা ও মিলিয়ে দেখার জন্য Home page এ একটি Link দেওয়া আছে।

DAILY NOTICE PUBLISH
Online Job Portal

ছক ০৪ : ১৬টি ম্যাটস-এ মোট আসন সংখ্যা: ১০৮২টি
-

| ম্যাটস | মেধা ভিত্তিক | বিভাগীয় আসন | পার্বত্য উপজাতি | মুক্তিযোদ্ধা | মোট আসন |
|---|---|---|---|---|---|
| Bagerhat MATS | ৭৫ | ৭৫ | ১ | ১ | ১৫২ |
| Khustia MATS | ৫০ | ৫০ | ১ | ১ | ১০২ |
| Noakhali MATS | ৫০ | ৫০ | ১ | ১ | ১০২ |
| Sirajgang MATS | ৫০ | ৫০ | ১ | ১ | ১০২ |
| Tangail MATS | ৫০ | ৫০ | ১ | ১ | ১০২ |
| Cumilla MATS | ২৫ | ২৫ | ১ | ১ | ৫২ |
| Faridpur MATS | ৫০ | ৫০ | ১ | ১ | ১০২ |
| Jhenaidah MATS | ২৫ | ২৫ | ১ | ১ | ৫২ |
| Satkhira MATS | ২৫ | ২৫ | ১ | ১ | ৫২ |
| Tungipara MATS | ২৫ | ২৫ | ১ | ১ | ৫২ |
| Naogaon MATS | ২৫ | ২৫ | ১ | ১ | ৫২ |
| Manikganj MATS | ১৫ | ১৫ | ১ | ১ | ৩২ |
| Gazipur MATS | ১৫ | ১৫ | ১ | ১ | ৩২ |
| Rajbari MATS | ১৫ | ১৫ | ১ | ১ | ৩২ |
| Madaripur MATS | ১৫ | ১৫ | ১ | ১ | ৩২ |
| Kazipur, Sirajganj MATS | ১৫ | ১৫ | ১ | ১ | ৩২ |

প্রশাসনিক বিভাগীয় (Divisional) কোটার ক্ষেত্রে প্রতিটি ম্যাটসে ১৫% আসন মহিলা প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। তবে বিভাগীয় (Division) কোটা বা মহিলা সংরক্ষিত আসনে উপযুক্ত প্রার্থী না পাওয়া গেলে সাধারণ মেধা তালিকা হতে ঐ আসনগুলি পূরন করা হবে। উপজাতি কোটার ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা একই হবে। উপজাতীয় প্রার্থীতার স্বপক্ষে গোত্র প্রধান ও জেলা প্রশাসক কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র ভর্তির সময় জমা দিতে হবে।

ছক- ০৫ : ২৩টি IHT-তে মোট আসন সংখ্যা: ৩৬১৯ টি

DAILY NOTICE PUBLISH
Online Job Portal

| IHT | Subjects | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | Laboratory | Radiography | Physiotherapy | Dentistry | Pharmacy | Radiotherapy | OTA | ICA | Freed.Fighters | Tribal | TOTAL |
| Dhaka | ৫০ | ৫০ | ৫০ | ৫০ | ৫০ | ২০ | ২৫ | ২৫ | ০৫ | ০২ | ৩২৭ |
| Rajshahi | ৫০ | ৫০ | ৫০ | ৫০ | ৫০ | ২০ | - | - | ০৫ | ০২ | ২৭৭ |
| Bogura | ৬৫ | ৫৫ | ৫০ | ৫৫ | ৫৫ | ২০ | - | - | ০৫ | ০২ | ৩০৭ |
| Chattogram | ৫০ | ৫০ | ৫০ | ৫০ | ৫০ | ২০ | - | - | ০৫ | ০২ | ২৭৭ |
| Barishal | ৫০ | ৫০ | ৫০ | ৫০ | ৫০ | ২০ | - | - | ০৫ | ০২ | ২৭৭ |
| Rangpur | ৫০ | ৫০ | ৫০ | ৫০ | ৫০ | ২০ | - | - | ০৫ | ০২ | ২৭৭ |
| Jhenaidah | ৫০ | ৫০ | ৫০ | ৫০ | ৫০ | ২০ | - | - | ০৫ | ০২ | ২৭৭ |
| Sylhet | ৫০ | ৫০ | ৫০ | ৫০ | ৫০ | - | - | - | ০৫ | ০২ | ২৫৭ |
| Sirajganj | ৫০ | - | - | - | ৫০ | - | - | - | ০২ | ০১ | ১০৩ |
| Satkhira | ৫০ | ৫০ | - | - | - | - | - | - | ০২ | ০১ | ১০৩ |
| Jamalpur | ৫০ | ৫০ | - | ৫০ | ৫০ | - | - | - | ০৪ | ০২ | ২০৬ |
| Tungipara, Gopalganj | ৫০ | | | | ৫০ | - | | | ০২ | ০১ | ১০৩ |
| Gazipur | ৫০ | | | | ৫০ | - | | | ০২ | ০১ | ১০৩ |
| Kashiani Gopalganj | ৫০ | | | | ৫০ | - | | | ০২ | ০১ | ১০৩ |
| Joipurhat | ৫০ | | | | ৫০ | - | | | ০২ | ০১ | ১০৩ |
| Madaripur | ৫০ | ৫০ | | | ৫০ | - | | | ০৩ | ০২ | ১৫৫ |
| Manikganj | ২৫ | ২৫ | | | | | | | ১ | ১ | ৫২ |
| Munshiganj | ২৫ | ২৫ | | | | | | | ১ | ১ | ৫২ |
| Noakhali | ২৫ | ২৫ | | | | | | | ১ | ১ | ৫২ |
| Naogaon | ২৫ | ২৫ | | | | | | | ১ | ১ | ৫২ |
| Kurigram | ২৫ | ২৫ | | | | | | | ১ | ১ | ৫২ |

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| Mymensingh | ২৫ | ২৫ | | | | | | | ১ | ১ | ৫২ |
| Shibchor, Madaripur | ২৫ | ২৫ | | | | | | | ১ | ১ | ৫২ |

**IHT** তে বর্ণিত অনুষদের মোট সাধারণ আসন সংখ্যার ৭০% জাতীয় মেধার ভিত্তিতে, বাকী ৩০% ৮টি প্রশাসনিক বিভাগের (Division) জনসংখ্যার ভিত্তিতে প্রার্থী নির্বাচন করা হবে। বিভাগীয় (Divisional) প্রার্থীদের কোটার দাবীর ক্ষেত্রে প্রার্থীগণকে আবেদন পত্রে উল্লেখিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর অথবা মেয়রের স্বাক্ষরিত সনদপত্র ভর্তির সময় দাখিল করতে হবে।

১৪. ১৩ এ বর্ণিত ছবি ও স্বাক্ষর কম্পিউটারে (যে কম্পিউটার থেকে Website এ ঢুকবেন) অথবা pendrive এ পূর্ব থেকে সংরক্ষণ করতে হবে। ইংরেজীতে নিজের জেলা, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা (জেলা, থানা/উপজেলা, পোস্ট কোড ইত্যাদি) লিখিত ভাবে নিজের কাছে সংরক্ষণ করতে হবে।

১৫. ভর্তিচ্ছু শিক্ষা প্রতিষ্ঠানের নাম নিজের পছন্দের ক্রমানুসারে সাজিয়ে লিখে রাখা প্রয়োজন। এটা করার আগে অভিভাবক/স্বজনদের সাহায্য নেয়া যেতে পারে।

১৬. অনলাইন আবেদন করার নিয়ম:

১৬.১ আবেদনকারীগণ টেলিটক বাংলাদেশ লিমিটেড এর ওয়েব পোর্টাল http://dgme.teletalk.com.bd এ লগইন করবেন। লগইন করার পর অনলাইন আবেদনের বিজ্ঞপ্তি (Advertisement) ও Application Form পাওয়া যাবে।

১৬.২ অনলাইন ফর্ম পূরণের নিয়মাবলী ও ভর্তি সংক্রান্ত তথ্য Advertisement অংশে পাওয়া যাবে। আবেদনকারীকে ভালোভাবে পড়ে বুঝে নির্দেশনা অনুযায়ী সর্তকর্তার সাথে অনলাইন আবেদন পূরণ করতে হবে।

১৬.৩ Application Form অংশে ক্লিক করলে Diploma course in institute of Health Technology/ Diploma course in Medical Assistant Training School এর প্রোগামটি সিলেক্ট করতে হবে এবং Next অপশনটি ক্লিক করতে হবে।

১৬.৪ ক্লিক করার পর কারিকুলাম পেজটি ওপেন হবে। এই পেইজে National কারিকুলাম (SSC/Equivalent) অথবা GCE (O Level/ Equivalent) এর যে কোন একটি অপশন সিলেক্ট করতে হবে।

১৬.৫ National curriculam সিলেক্ট করার পর প্রার্থীর Examination Board সিলেক্ট করতে হবে। Roll number/ Registration Number লিখতে হবে এবং সিলেক্ট করে অপশন ক্লিক করতে হবে। ক্লিক করার পর স্বয়ংক্রিয়ভাবে প্রার্থীর Applicant's name, Father's Name, Mother's Name, Date of Birth, Nationality, Gender তথ্যসমূহ উল্লেখ করা থাকবে। প্রার্থীকে বাংলায় আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম, মোবাইল নাম্বার, কনফার্ম মোবাইল নাম্বার ইমেইল লিখতে হবে এবং Religion, National Id, Birth Registration, Passport Id, Marital Status, Quota সিলেক্ট করতে হবে।

১৬.৬ কোটার ক্ষেত্রে Child of freedom fighter, Grandchild of freedom fighter, Tribal, Not Applicable অপশন পাওয়া যাবে। যে কোন একটি অপশন ক্লিক করতে হবে।

DAILY NOTICE PUBLISH
Online Job Portal

১৬.৭ মুক্তিযোদ্ধা কোটার (সন্তান, সন্তানদের সন্তান) দাবিদার হলে এখানে Eligible for freedom Fighter Quota ক্লিক করতে হবে। মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং ৪৮.০০.০০০০.০০৩.২৫.০১৯.২০.৮৭৫ তারিখঃ ১৮/১০/২০২০ খ্রি. মূলে প্রকাশিত পরিপত্র অনুযায়ী স্বীকৃত তালিকা/গ্রেজেটের নম্বর অনলাইন আবেদনে এন্ট্রি করতে হবে।

এরপর আবেদনকারীকে Present Address ও Permanent Address পূরণ করতে হবে। বর্তমান ঠিকানা ও স্থায়ী ঠিকানা একই হলে স্থায়ী ঠিকানা পূরণের ক্ষেত্রে Same as present address অপশন ক্লিক করতে হবে।

১৬.৮ সকল অনুষদে চাকুরীরত বিভাগীয় প্রার্থী আবেদন করতে পারবেন এবং বিভাগীয় প্রার্থীর জন্য ১০% আসন সংরক্ষিত থাকবে। বিভাগীয় প্রার্থীদেরও অন্যান্য সাধারণ প্রার্থীর ন্যায় একই শিক্ষা যোগ্যতা থাকতে হবে এবং একই সংগে লিখিত ভর্তি পরীক্ষায় অংশগ্রহন করতে হবে। বিভাগীয় প্রার্থীর বয়স ০১/০৮/২০২৩ খ্রি. তারিখে ৪০ (চল্লিশ) বৎসরের বেশী হলে আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবেন। সকল অনুষদে চাকুরীরত বিভাগীয় প্রার্থী (Departmental) বলতে তাদেরকেই বুঝানো হবে যারা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীনে বিভিন্ন প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট বিভাগে এবং সুর্নির্দিষ্ট পদে কমপক্ষে ৩ (তিন) বৎসর এবং স্বায়ত্ব শাসিত প্রতিষ্ঠানে ৫(পাঁচ) বৎসর চাকুরী করিয়াছেন।

স্বায়ত্ব শাসিত প্রতিষ্ঠান বলতে যেমন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় ও হাসপাতাল, বারডেম হাসপাতাল, শিশু স্বাস্থ্য ইনস্টিটিউট ও হাসপাতাল, হলি ফ্যামিলি রেডক্রিসেন্ট মেডিক্যাল কলেজ ও হাসপাতাল, ন্যাশনাল মেডিকেল কলেজ ও হাসপাতাল, শিশু-মাতৃ স্বাস্থ্য ইনস্টিটিউট ও হাসপাতাল, মাতুয়াইল, ঢাকা এবং রেলওয়ে হাসপাতাল এ স্ব স্ব বিষয়ে চাকরীরত আছেন (যেমন- ডেন্টাল এটেনডেন্ট- ডেন্টাল কোর্সে, ল্যাবরেটরী এটেনডেন্ট- ল্যাবরেটরী কোর্সে, ডার্করুম এ্যাসিসটেন্ট- রেডিওগ্রাফী কোর্সে, কমপাউন্ডার- ফার্মেসী কোর্সে ইত্যাদি) তারাই আবেদন করতে পারবেন।

ডিপার্টমেন্টাল প্রার্থীরা যথাযথ কতৃপক্ষের মাধ্যমে আবেদন অগ্রবর্তী করে এসএসসি/সমমানের পরীক্ষা পাশের সত্যায়িত সনদপত্র, এসএসসি/সমমানের পরীক্ষার সত্যায়িত নম্বর পত্র, স্থায়ী ঠিকানা উল্লেখ পূর্বক নাগরিকত্বের সনদপত্র, সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৪ (চার) কপি রঙ্গিন সত্যায়িত ছবি সহ স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের (স্বাস্থ্য অধিদপ্তরের পুরাতন ভবনের ২য় তলা) মেডিকেল এডুকেশন শাখায় জমা দিয়ে আই ডি (ID) ০৮.০৯.২০২৩ তারিখের মধ্যে সংগ্রহ পূর্বক অনলাইনে আবেদন করতে পারবেন। আই ডি (ID) ছাড়া Departmental প্রার্থীরা আবেদন করতে পারবেন না।

১৬.৯ প্রত্যেক প্রার্থীকে এসএসসি সিলেবাস অনুযায়ী ১০০ (একশত) নম্বরেরর এক ঘন্টা লিখিত পরীক্ষায় (বাংলা-১৫, ইংরেজী-১৫, গণিত-১৫, পদার্থ-১৫, রসায়ন-১৫, জীববিজ্ঞান-১৫, সাধারণ জ্ঞান (বাংলাদেশের ইতিহাস ও মুক্তিযুদ্ধ)- ১০ অংশ গ্রহণ করতে হবে। লিখিত পরীক্ষা MCQ পদ্ধতিতে অনুষ্ঠিত হবে এবং উত্তর পত্র OMR মেশিনে দেখা হবে। MATS এবং IHT উভয় ক্ষেত্রেই ভর্তি পরীক্ষার ফলাফলের সহিত এসএসসি বা সমমান পরীক্ষায় প্রাপ্ত GPA এর ২০ গুন যোগ করে মেধা তালিকা প্রস্তুত করা হবে। অর্থাৎ এসএসসি (GPA x ২০) + লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বর। কোন মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে না।

১৬.১০ এই পেইজে এর পর নিচে স্বয়ংক্রিয়ভাবে প্রার্থীর SSC/Equivalent Level এর তথ্য দেখা যাবে। এগারো (১১) ডিজিটের একটি মোবাইল নম্বর বাধ্যতামূলক যা ভর্তি প্রক্রিয়া চলাকালিন সার্বক্ষণিক অবশ্যই চালু রাখতে হবে। টাকা জমা দেওয়ার পর এই মোবাইলে ও পরীক্ষার কেন্দ্রের নাম এর মাধ্যমে আসবে।

১৬.১১ এরপর প্রার্থীকে Institute ও Subject চয়েজ অংশটি পূরণ করতে হবে। পেইজের এই অংশে বামদিকে IHT with Subject, MATS সমূহের নাম রয়েছে। প্রার্থী তার পছন্দ ক্রমানুশারে এক এক প্রতিষ্ঠান সিলেক্ট করবেন। এক্ষেত্রে, সকল প্রতিষ্ঠান সিলেক্ট করা বাধ্যতামূলক।

১৬.১২ এর পর প্রার্থীরা যে কেন্দ্র থেকে পরীক্ষা দিতে ইচ্ছুক সেই পরীক্ষা কেন্দ্র ড্রপডাউন বক্স থেকে সিলেক্ট করবেন। ভর্তি পরীক্ষা কেন্দ্রীয়ভাবে অনুষ্ঠিত হয় বলে প্রার্থীরা যে কোন কেন্দ্র থেকে ভর্তি পরীক্ষায় অংশ গ্রহন করতে পারবে।

১৬.১৩ সঠিকভাবে আবেদন পত্র পূরণ হলে স্কিনে দেখানো Verification Code পূরণ করতে হবে। এরপর Declaration বাটনে ক্লিক করে Submit এ ক্লিক করতে হবে।

১৭. এরপর ওয়েব সাইটে যে পেইজটি আসবে তার নিচের দিকে প্রথম Choose File অপশনে ক্লিক করে পূর্ব থেকে তৈরি করে রাখা আবেদনকারীর ফটো কম্পিউটার থেকে অথবা পেনড্রাইভ থেকে ব্রাউজ করে সিলেক্ট করতে হবে। একই ভাবে দ্বিতীয় Choose File অপশনে ক্লিক করে পূর্ব থেকে তৈরি করে রাখা আবেদনকারীর স্বাক্ষর কম্পিউটার থেকে অথবা পেনড্রাইভ থেকে ব্রাউজ করে সিলেক্ট করতে হবে। এরপর Declaration বাটনে ক্লিক করে Submit এ ক্লিক করতে হবে।

১৮. Submit এ ক্লিক করার পর Applicant Copy আসবে যাতে ইউজার আইডি থাকবে। এই ইউজার আইডি দিয়ে টেলিটক প্রিপেইড সিমের মাধ্যমে ৭০০ (সাতশত) টাকা জমা দিতে হবে। টাকা জমা দেওয়ার পর একটি পাসওয়ার্ড আসবে।

১৯. উপরোক্ত ইউজার আইডি ও পাসওয়ার্ড সংরক্ষণ করে রাখতে হবে। পরবর্তিতে এডমিট কার্ড ডাউনলোডের জন্য ইউজার আইডি ও পাসওয়ার্ড প্রয়োজন হবে।

২০. ফি জমা দেওয়ার পদ্ধতিঃ

(ক) টেলিটক প্রিপেইড মোবাইল ফোনের মেসেজ অপশনে গিয়ে IHTM লিখে, স্পেস দিয়ে User Id লিখে 16222 নম্বরে এসএমএস প্রেরণ করতে হবে।

উদাহরণঃ IHTM<Space>FRLGCT টাইপ করে Send করুন 16222 নম্বরে। এখানে FRLGCT হলো ফরম পূরণ করে পাওয়া User ID ফিরতি এসএমএস এ একটি পাসওয়ার্ড, প্রার্থীর নাম এবং পরীক্ষার ফি হিসাবে ৭০০ (সাতশত) টাকা কেটে রাখার তথ্য দিয়ে সম্মতি চাওয়া হবে। সম্মতি দেওয়ার জন্য নিম্নোক্তভাবে 16222 নম্বরে এসএমএস পাঠাতে হবে।

২১. ১৭/০৯/২০২৩ খ্রি. হতে ১৯/০৯/২০২৩ খ্রি. পর্যন্ত প্রার্থী উক্ত ইউজার আইডি ও পাসওয়ার্ড দিয়ে তার প্রবেশপত্র ডাউনলোক করে প্রিন্ট করে নিবেন।

২২. ডাউনলোড করা প্রবেশপত্র পরীক্ষার হলে অবশ্যই নিয়ে আসতে হবে।

ডাঃ মুজতাহিদ মুহাম্মদ হোসেন
পরিচালক (চিকিৎসা শিক্ষা) (ভারপ্রাপ্ত)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ফোন ঃ ৪৮৮১১২০০
Email: medicaledu313@gmail.com

DAILY NOTICE PUBLISH
Online Job Protal